

ফোনে  
22

## ঢাবি শিক্ষক সমিতি আপাতত আর কোন কর্মসূচি দিচ্ছে না রাজনৈতিক কর্মসূচির বিরোধী অনেক শিক্ষক ও শিক্ষার্থী

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনার  
শ্রেফতার ও বিএনপি চেয়ারপার্সন খালেদা  
জিয়া কে হয়রানির প্রতিবাদে আপাতত আর  
কোন কর্মসূচি দিচ্ছে না ঢাকা বিশ্ববিদ্যালয়  
শিক্ষক সমিতি। সমিতির নেতারা গতকাল  
সোমবার এ তথ্য জানান। শিক্ষক সমিতি গত  
শনিবার কালোবাজ (২য় পৃঃ ৩-এর কঃ ৫ঃ)

### ঢাবি শিক্ষক

(প্রথম পৃঃ পর)

ধারণ ও পরিচরিত কর্মসূচি  
পালন করলেও সাধারণ শিক্ষকদের মধ্যে এ নিয়ে  
মিথ্যাভিত্তিক ছিল। ফলে সমিতির সে কর্মসূচি  
অংশিকভাবে পালিত হয়। এদিকে বিশ্ববিদ্যালয়  
মন্ত্রণালয় কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক  
নজরুল ইসলাম বলেন, শিক্ষার্থীদের সেবাশুভায়  
বিঘ্ন সৃষ্টি করে শিক্ষকদের এমন কোন কর্মসূচি নেয়া  
উচিত নয়।

রাজনৈতিক পরিবেশে একটি রাজনৈতিক  
দলের সভানেত্রীর শ্রেফতারের প্রতিবাদে এমন  
কর্মসূচির বিরোধিতা করেছেন শিক্ষক ও  
শিক্ষার্থীদের অনেকে। সমিতির সাবেক যুগ্ম  
সম্পাদক এবিএম ওবায়দুল ইসলাম বলেন, শিক্ষক  
নেতারা যদি রাজনৈতিক ইস্যুতে আর কোন কর্মসূচি  
দেন তবে তা কুমেদন হবে। সাবেক সাধারণ  
সম্পাদক অধ্যাপক ফেরদৌস হোসেনও কর্মসূচিকে  
রাজনৈতিক বলে মনে করেন। সমিতির বর্তমান  
সভাপতি অধ্যাপক সদরুল আমীন বলেন,  
ব্যক্তিগতভাবে অনেক শিক্ষক সমিতির কর্মসূচি  
সমর্থন করেননি। আগামীতে কোন কর্মসূচি নেয়ার  
আগে সকল শিক্ষকের মতামতের বিষয়টি বিবেচনা  
করতে হবে। আওয়ামী লীগ সমর্থিত লীগ দলের  
আজহারক ও সমিতির কার্যকর্তী পরিবদন সমন্বয়  
অধ্যাপক ড. হোসেন মনসুর বলেন, সমিতি থেকে  
আপাতত আর কোন কর্মসূচি নেই। সামাজিক বিজ্ঞান  
অন্যদের তীন অধ্যাপক হারুন আর রশীদ বলেন, আপ  
করি সরকার আমাদের বাতী পেয়েছেন এবং নতুন  
কোন কর্মসূচি নেয়ার প্রয়োজন পড়বে না।